

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৫

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যে সাদাকাহ গ্রহণ করবে, তাকে সাদাকাহ প্রদান করা জায়েয, যদিও সে ব্যক্তি সেটা সাওয়াবের কাজ ব্যতীত অন্য কাজে ব্যবহার করে, যা সাদাকাহ প্রদানকারী ব্যক্তি প্রথমে জানতো না- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى إِبَاحَةِ إِعْطَاءِ الْمَرْءِ صَدَقَتَهُ مَنْ أَخَذَهَا وَإِنْ كَانَ الْآخِذُ أَنْفَقَهَا فِي غَيْرِ طَاعَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَا لَمْ يَعْلَم الْمُعْطِي ذَلِكَ مِنْهُ فِي الْبِدَايَةِ

আরবী

3345 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّدِ الدَّغُولِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُشْكَانَ حَدَّثَنَا شَبَابَةُ حَدَّثَنَا وَرْقَاءُ حَدَّثَنَا أَبُو الزِّنَادِ حَدَّثَنَا الْأَعْرَجُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَجُلُّ: لأتصدَّقَنَّ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَالَ رَجُلُّ: لأتصدَّق اللَّيْلَةَ عَلَى زَانِيةٍ فَقَالَ: اللَّهُمَّ لَكَ فَوَضَعَهَا فِي يَدِ رَانِيةٍ فَقَالَ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ فَقَالَ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ فَقَالَ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ فَقَالَ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ لأتصدَّق اللَّيْلَةَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوضَعَهَا فِي يَدِ سَارِقٍ لأتصدَّق اللَّيْلَةَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوضَعَهَا فِي يَدِ عَلَى سَارِقٍ لأتصدَّق اللَّيْلَةَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ غَنِي فَقَالَ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ لأتصدَّق اللَّيْلَةَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ غَنِي فَقَالَ: اللَّيْلَةَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ غَنِي فَقَالَ: اللَّيْلَةَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَد غَنِي فَقَالَ: اللَّيْلَةَ عَلَى عَنِي فَقَالَ: اللَّهُمُّ لَكَ الْحَمْدُ عَلَى عَنِي فَقَالَ: اللَّهُمُّ لَكَ الْحَمْدُ عَلَى عَنِي فَقَالَ: اللَّهُمُّ لَكَ الْحَمْدُ عَلَى عَنِي فَقَالَ: اللَّهُمُ عَنَى قَالَانَ اللَّهُ تَعَالَى الْسَارِقُ فَلَعَلَّهُ يَسْتَعِفُ عَنِي فَقَالَ: اللَّهُ تَعَالَى)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3345 | خلاصة حكم المحدث: صحيح _ ((مشكلة الفقر)) (6).

বাংলা

৩৩৪৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "এক ব্যক্তি বললো, "অবশ্যই আমি সাদাকাহ করবো।" অতঃপর সে সাদাকাহ নিয়ে বের হয়। অতঃপর



সে তা এক বেশ্যা নারীর হাতে দেয়। অতঃপর সকালে লোকজন বলাবলি করতে থাকে, "আজ রাতে এক বেশ্যা নারীকে সাদাকাহ করা হয়েছে।" সেই ব্যক্তি বলে, "হে আল্লাহ, আপনার জন্যই সমস্ত প্রশংসা, এক বেশ্যা নারীর হাতে (আমার সাদাকাহ পড়েছে)। অবশ্যই আমি আরেকটি সাদাকাহ করবো।" তারপর সে আবার সাদাকাহ নিয়ে বের হয়। অতঃপর সে এক চোরের হাতে তা সোপর্দ করে। অতঃপর সকালে লোকজন বলাবলি করতে থাকে, "আজ রাতে এক চোরকে সাদাকাহ করা হয়েছে।" সেই ব্যক্তি বলে, "হে আল্লাহ, আপনার জন্যই সমস্ত প্রশংসা, এক চোরের হাতে (আমার সাদাকাহ পড়েছে)। অবশ্যই আমি আরেকটি সাদাকাহ করবো।" তারপর সে আবার সাদাকাহ নিয়ে বের হয়। অতঃপর সে এক ধনী ব্যক্তির হাতে তা সোপর্দ করে। অতঃপর সকালে লোকজন বলাবলি করতে থাকে, "আজ রাতে এক ধনী ব্যক্তিকে সাদাকাহ করা হয়েছে।" সেই ব্যক্তি বলে, "হে আল্লাহ, আপনার জন্যই সমস্ত প্রশংসা, এক ধনী ব্যক্তির হাতে (আমার সাদাকাহ পড়েছে)।

তারপর তাকে (আল্লাহর কাছে) আনা হয়। অতঃপর তাকে বলা হয়, "তোমার সাদাকাহ কবূল করা হয়েছে। বেশ্যা নারী হয়তো সে এর মাধ্যমে তার ব্যভিচার থেকে নিজেকে পবিত্র রাখবে। চোর হয়তো, এর মাধ্যমে তার চৌর্যবৃত্তি থেকে নিজেকে পবিত্র রাখবে। আর ধনী ব্যক্তি হয়তো এখান থেকে শিক্ষা গ্রহণ করবে অতঃপর আল্লাহ তাকে যা কিছু প্রদান করেছেন, সেখান থেকে সে দান করবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩২২; সহীহুল বুখারী: ১৪২১; সহীহ মুসলিম: ১০২২; নাসাঈ: ৫/৫৫-৫৬; সুনান বাইহাকী: ৪/১৯১-১৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুশকিলাতুল ফাকর: ৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92678

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন